

যুক্তরাষ্ট্রে তুষারঝড়ে প্রায় আড়াই হাজার ফ্লাইট বাতিল

- A Monitor Desk Report

Date: 16 January, 2024



ভারী তুষারঝড়ে বিপর্যস্ত হয়ে পড়েছে যুক্তরাষ্ট্র। অতিরিক্ত ঠান্ডায় দেশটিতে স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হচ্ছে। মধ্য ও উত্তর-পূর্বাঞ্চলীয় ২৬টি অঙ্গরাজ্যে বৈরী আবহাওয়া প্রভাব ফেলবে বলে সতর্ক করেছে মার্কিন আবহাওয়া সংস্থা। এরমধ্যে সোমবার (১৫ জানুয়ারি) দেশটিতে কয়েক হাজার ফ্লাইট বাতিল ও বিলম্বিত হয়েছে।

যুক্তরাষ্ট্রের ন্যাশনাল ওয়েদার সার্ভিস (এনডিআইউএস) জানিয়েছে, তুষারঝড়ে আইওয়া, মিসৌরি এবং টেক্সাস অঙ্গরাজ্য ক্ষতিগ্রস্ত হয়েছে। সেখানে তাপমাত্রা হিমাঙ্কের নীচে নেমে গেছে যা অঙ্গরাজ্যগুলোতে রেকর্ড করা 'সর্বকালের নিম্ন' তাপমাত্রা।

আবহাওয়া পরিষেবার পূর্বাভাসে বলা হয়েছে, আগামী কয়েকদিন মধ্য ও উত্তর-পূর্বাঞ্চলের ২৬টি অঙ্গরাজ্যে শীতল আবহাওয়া প্রভাব বিস্তার করবে। ওয়াশিংটন, নিউইয়র্ক ও বোস্টনসহ ঘনবসতিপূর্ণ শহরগুলোও চলতি মরসুমের সবচেয়ে ঠান্ডা দিন দেখবে।

সোমবার দেশটির রাজধানী ওয়াশিংটনসহ, ভার্জিনিয়া এবং মেরিল্যান্ডের কিছু অংশ হাল্কা তুষারে ঢেকে যায়।

প্রতিকূল এ আবহাওয়ার প্রভাব পড়েছে দেশটির উড়োজাহাজ চলাচলেও। ফ্লাইট বিষয়ক একটি ওয়েবসাইটের তথ্যানুসারে, সোমবার যুক্তরাষ্ট্রে মোট ২ হাজার ৩৫২টি ফ্লাইট বাতিল করা হয়েছে। আর বিলম্বিত হয়েছে আরও ৫ হাজার ৭২৬টি ফ্লাইট।

-B